



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০২.২০২০/ ২২৭৬/৩

তারিখ: ২৪/০৪/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর (পূর্বের স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর- LARD) কর্তৃক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কার্যালয় ২০১৩- ১৪ থেকে ২০১৮-১৯ অর্থবছরের (সেসিপ) অডিট নিরীক্ষা প্রতিবেদনের জবাব প্রেরণ।

সূত্র: মাউশি অধিদপ্তরের ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং এর পত্র নং- ৩৭.০২.০০০০.১১৪.০১.১৩২.১৮-৫০৩৬;
তারিখ: ২১/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং এর সূত্রস্থ পত্র মোতাবেক শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর (পূর্বের স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর- LARD) কর্তৃক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কার্যালয় ২০১৩- ১৪ থেকে ২০১৮-১৯ অর্থবছরের (সেসিপ) অডিট নিরীক্ষা প্রতিবেদনের জবাব প্রেরণ করার জন্য অনুরোধ করেন।


শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর (পূর্বের স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর- LARD) কর্তৃক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কার্যালয় ২০১৩- ১৪ থেকে ২০১৮-১৯ অর্থবছরের (সেসিপ) অডিট পরিচালিত হয়। উক্ত অডিটে পরিলক্ষিত আপত্তিসমূহের নিষ্পত্তির জন্য মাউশি কর্তৃক প্রেরিত জবাবের আলোকে শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করে। পরবর্তীতে ২নং সূত্রানুযায়ী মাউশি কর্তৃক প্রেরিত জবাবের আলোকে শিক্ষা মন্ত্রণালয় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সুপারিশ করে শিক্ষা অডিট অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করে। শিক্ষা অডিট অধিদপ্তর শুধু ২০১৩-২০১৪ থেকে ২০১৬- ২০১৭ অর্থবছরের মোট ১৭টি সাধারণ আপত্তির মধ্যে ০৯টি আপত্তি নিষ্পত্তি ঘোষণা করে। অবশিষ্ট ০৮টি সাধারণ আপত্তির মধ্যে সাধারণ প্রশাসন শাখার সাথে ০৫টি আপত্তি সম্পর্কিত এবং মাধ্যমিক ও কলেজ শাখার সাথে ০৩টি আপত্তি সম্পর্কিত। উল্লিখিত অর্থবছরের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত যথাযথ পুন: জবাব অর্থ ও ক্রয় শাখায় প্রেরণ করার জন্য ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং হতে অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং এর পত্রের সাথে সংযুক্ত শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ এর পত্রের ক্রমিক নং- ২ এবং ৩নং ক্রমিক বিবরণ নিম্নরূপ:

ক্র. নং	আর্থিক সন	আপত্তির ধরন, অনুচ্ছেদ নং	কর্তৃপক্ষের জবাব	অডিট অধিদপ্তরের মন্তব্য
২	২০১৬-২০১৭	সাধারণ অনু: ১০	মাউশি থেকে পত্র প্রেরণ করা হলে প্রতিষ্ঠান প্রধান ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান এবং ভবিষ্যতে এমন ঘটনা পুনরাবৃত্তি হবেনা জানিয়ে মাউশি বরাবর জবাব প্রেরণ করেন।	জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয় কারণ সংবিধান লঙ্ঘনের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক পুন: জবাব প্রেরণ আবশ্যিক।
৩	২০১৬-২০১৭	সাধারণ অনু: ০৩	বিষয়টি আদালতের এখতিয়ারভুক্ত এ বিষয়ে মাউশির করণীয় কিছু নেই। আদালতের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।	আদালতের চূড়ান্ত রায়ের পর রায়ের কপিসহ আপত্তিকৃত টাকার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রমাণকসহ পুন: প্রেরণ আবশ্যিক।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে অডিট নিষ্পত্তির ব্যবস্থাসহ প্রয়োজনীয় জবাব ও তথ্য প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

১। অধ্যক্ষ
বাড্ডা আলাতুল্লাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা

২। অধ্যক্ষ
মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা

২। সভাপতি, পরিচালনা পরিষদ, বাড্ডা আলাতুল্লাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা/ মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা

৩। সংরক্ষণ নথি।